19th Year, 1st Issue
January 2022
Bookfair Issue
১৯ তম বর্ষ, ১ম সংখ্যা
জানুয়ারী ২০২২
বইমেলা সংখ্যা

Suggested contribution : Rs. 10/-

স্বকণ্ঠে

in our own voice

A
Sappho Publication

একটি
'স্যাফো' প্রকাশনা

প্রস্তাবিত অনুদান : ১০ টাকা

for the rights of sexually marginalised women & transmen

আমাদের কথা

তাহলে সেই কথাই রইল। এই বারটাই আমার "স্বকণ্ঠে"-র শেষ সম্পাদকীয় লেখা। না, না, প্রিয় পাঠকবন্ধু, "স্বকণ্ঠে" প্রকাশ থেমে যাচ্ছে না। বহাল তবিয়তে থাকছে, থাকবে। শুধু আমি ছুটি নিলাম একক সম্পাদনার দায়িত্ব থেকে। হাল ধরছে পরবর্তী প্রজন্ম। এ যে কত বড় গর্বের বিষয় তা ভাষায় প্রকাশ করার ক্ষমতা নেই। সেই ২০০৪ সালের জানুয়ারীতে ফিরে তাকালে, যখন সমকামিতা তো দূরের কথা, যৌনতা নিয়েই চারিদিকে ঢাক ঢাক গুড় গুড়, তখন বুক চিতিয়ে আত্মপ্রকাশ করেছিল "স্বকণ্ঠে"। তারপর থেকে নির্ভয়ে তার পদসঞ্চার এই ২০২২ সালের জানুয়ারী পর্যন্ত, না থেমে। তাই "স্বকণ্ঠে" চলমান বিপ্লবের আর এক নাম!

এখন আসি কিছু ছেলেখেলার কথায়। ছেলেখেলা বলব, না বিষাক্ত পিতৃতান্ত্রিক পৌরুষখেলা বলব তা অবশ্য বিচার্য বিষয়।

বিহারের গয়া আন্তর্জাতিক বিমানবন্দর কোড নিয়ে তোলপাড় চলছে। আসলে, এই বিমানবন্দরের কোড হল 'GAY'– যা সমকামিতার সাথে যুক্ত করা হচ্ছে। এমতাবস্থায় সংসদে এ নিয়ে আপত্তি তুলেছে সরকারি উদ্যোগ সংক্রান্ত সংসদীয় কমিটি। কমিটি বলেছে, ধর্মীয় গুরুত্ব রয়েছে এমন একটি শহরের জন্য 'GAY' (one of the meanings of GAY is homosexual) কোড ব্যবহার করা ঠিক নয়। এই কোড পরিবর্তনের জন্য সরকারের সর্বাত্মক প্রচেষ্টা করা উচিত। সংসদের প্যানেল কোডটিকে 'YAG'-তে পরিবর্তন করার পরামর্শ দিয়েছে। কমিটি সংসদে বলেছে যে গয়াকে মানুষ একটি পবিত্র, পৌরাণিক ও ধর্মীয় শহর বলে মনে করে, যার জন্য 'GAY' কোডটি অনুপযুক্ত, আপত্তিকর এবং লজ্জাজনক। এ শব্দের ব্যবহার সঠিক নয়। এই শব্দ বা অক্ষরের ব্যবহার শহরের পুরাণ ও গৌরবময় ইতিহাসকে আঘাত করে। কেন্দ্রীয় সরকারের উচিত আন্তর্জাতিক বায়ু পরিবহন সংস্থার (International Air Transport Association) সাথে বিষয়টি নিয়ে কথা বলার জন্য সমস্ত প্রচেষ্টা করা। আরও একবার রাষ্ট্রের ভরপুর সমকামভীতির (Homophobia) নিদর্শন প্রকট হল।

আরও জানুন পাঠক, ন্যাশনাল কাউন্সিল ফর এডুকেশনাল রিসার্চ অ্যান্ড ট্রেনিং (NCERT) স্কুলে ট্রান্সজেন্ডার বা জেন্ডার নন-কনফর্মিং ছাত্রছাত্রীদের একীকরণের বিষয়ে একটি শিক্ষক প্রশিক্ষণ নির্দেশিকা (manual) তাদের ওয়েবসাইট থেকে সরিয়ে দিয়েছে, নথিতে অসঙ্গতি আছে এই ভিত্তিতে ন্যাশনাল কমিশন ফর প্রোটেকশন অফ চাইল্ড রাইটস (NCPCR) সংশোধন চাওয়ার কয়েকদিন পর। নির্দেশিকাটি সম্প্রতি NCERT তার ওয়েবসাইটে প্রকাশ করেছিল স্কুলগুলিকে ট্রান্সজেন্ডার এবং জেন্ডার নন-কনফর্মিং শিক্ষার্থীদের বিদ্যালয়ে অন্তর্ভুক্ত করার নিয়মাবলী মেনে এই ধরনের শিশুদের ভয় এবং অস্বস্তি দূর করার কৌশল সম্পর্কে শিক্ষকদের সংবেদনশীল করার জন্য। ম্যানুয়ালটি জানায় যে কীভাবে স্কুলে লিঙ্গদ্বিত্ব (gender binary) মেনে 'ছেলে' এবং 'মেয়েদের' জন্য পৃথক ইউনিফর্মের বাধ্যবাধকতা সহ লিঙ্গ-নির্দিষ্ট বসার ব্যবস্থা, খেলাধুলায় অংশগ্রহণ বা এমনকি একটি নির্দিষ্ট চুলের স্টাইল রাখা তাদের অস্বস্তির কারণ হতে পারে। এটি লিঙ্গ-নিরপেক্ষ (gender neutral) টয়লেট, বিশ্রামাগার, চেঞ্জিং রুম এবং ইউনিফর্মের ব্যবস্থা করা, শিশুদেরকে তাদের লিঙ্গের উপর ভিত্তি করে বিভিন্ন স্কুলের ক্রিয়াকলাপের জন্য আলাদা না করা, ক্যাম্পাসে কথা বলার জন্য ট্রান্সজেন্ডার সম্প্রদায়ের সদস্যদের আমন্ত্রণ জানানো ইত্যাদি বিষয়ের সুপারিশ করেছিল। NCPCR বলে, ম্যানুয়ালটির বক্তব্য প্রথমত, শিশুদের জন্য লিঙ্গ-নিরপেক্ষ অবকাঠামোর (infrastructure) পরামর্শ দেয় যা তাদের লিঙ্গ বাস্তবতা এবং মৌলিক চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ নয়। এছাড়াও, লিঙ্গভেদ অপসারণের ধারণা বিভিন্ন জৈবিক চাহিদার শিশুদের সমান অধিকার অস্বীকার করবে। দ্বিতীয়ত, এই পদ্ধতিটি বাড়িতে এবং স্কুলে পরস্পরবিরোধী পরিবেশের কারণে শিশুদের অপ্রয়োজনীয় মানসিক আঘাতের সম্মুখীন করবে। কিছু গুরুত্বপূর্ণ মানুষজন মন্তব্য করেন যে এটা নাকি লিঙ্গ সংবেদনশীলতার (gender sensitization) নামে "স্কুল ছাত্রছাত্রীদের মনস্তাত্ত্বিকভাবে আঘাত করার অপরাধমূলক ষড়যন্ত্র"। দেশের শিক্ষাব্যবস্থাকে সর্বাঙ্গীণ করার এক মানবিক উদ্যোগকে অপব্যাখ্যা করে থামিয়ে দেওয়াটা তবে কী?

এবারে আসি হিজাব নিয়ে 'তেজাব' এর ঘটনায়। ঘটনাটি শুরু হয় এই ভাবে – কর্ণাটকের উডুপি জেলার এক প্রাক-বিশ্ববিদ্যালয় (pre-university) কলেজের ছাত্রীরা যখন হিজাব পরার নিষেধাজ্ঞার বিরুদ্ধে প্রতিবাদ শুরু করে। কর্ণাটক সরকার একটি আদেশ জারি করেন যে ছাত্রছাত্রীদের কলেজ উন্নয়ন কমিটি দ্বারা নির্ধারিত ইউনিফর্ম বা ড্রেস কোড মেনে চলতে হবে। কর্ণাটক শিক্ষা আইন ২০১৩ এবং ২০১৮ এর অধীনে প্রণীত নিয়মগুলি শিক্ষাপ্রতিষ্ঠানগুলিকে স্কুল এবং পিইউ কলেজের শিক্ষার্থীদের জন্য ইউনিফর্ম নির্ধারণ করার ক্ষমতা দিয়েছে। বিভাগটি এই নিয়মগুলির উপর ভিত্তি করে একটি সার্কুলার জারি করে এবং উচ্চ আদালত এই বিষয়ে রায় না দেওয়া পর্যন্ত নিয়ম অনুসরণ করার জন্য শিক্ষার্থীদের আবেদন করে। মুসলিম ছাত্রীরা কলেজে হিজাব নিষেধাজ্ঞার বিষয়টি প্রত্যাখ্যান করে। মুসলিম মেয়েরা যুক্তি দেখায় যে হিজাবের উপর নিষেধাজ্ঞা সংবিধানে বর্ণিত ধর্মীয় স্বাধীনতার অধিকারকে লঙ্ঘন করে। তারপরই দাবানলের মত ছড়িয়ে পড়ে বিতর্কটি সারা দেশে এবং সোশ্যাল মিডিয়ায়। শুরু হয় বিক্ষোভ, প্রতিবাদ। এখানে এই ঘটনার উত্থাপন করা প্রয়োজন এই কারণে যে আবারও নিজের ইচ্ছেমত পোষাক পরে শিক্ষাঙ্গনে প্রবেশের উপর নিষেধাজ্ঞা জারি ও শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য। কিন্তু শিকড়ের সন্ধানে গেলে দেখা যাবে তা মাটির অনেক অনেক নীচে পোঁতা। আসলে কি এ আরও কোনও গভীর অসহিষ্ণুতার ইঙ্গিত দেয়?

শুধুই কি নিরাশা? আশার আলোও দেখতে পাই যখন মাননীয় কেরালা হাইকোর্ট বলেন LGBTIQA+ (Lesbian-Gay-Bisexual-Transgender-Intersex-Queer-Asexual plus) সম্প্রদায়ের মানুষদের লিঙ্গ-যৌন পরিচয় এবং অভিব্যক্তির কোনও জোরপূর্বক রূপান্তরের (conversion therapy) বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া উচিত। আরও বলেন কেরালা সরকারকে বিষয়টি খতিয়ে দেখতে এবং প্রয়োজনে সমস্যাটি বিবেচনার জন্য একটি বিশেষজ্ঞ কমিটি গঠন করার নির্দেশ দেন।

সম্প্রতি, মহামান্য মাদ্রাজ হাইকোর্ট তামিলনাড়ু সরকারকে তামিল ও ইংরাজী ভাষায় একটি মিডিয়া রেফারেন্স গাইড তৈরি করতে বলেছেন যা মিডিয়া LGBTQIA+ ব্যক্তি এবং সম্প্রদায়কে সম্মানের সাথে সম্বোধন করার জন্য ব্যবহার করতে পারে।

হাতে গোনা কয়েকটি বেসরকারি ব্যবসায়ী কোম্পানি LGBTQIA+ কর্মীদের নিরাপদ পরিবেশ গড়ার জন্য এবং অন্যান্য সমস্ত কর্মচারীদের মতো একই সুবিধা দেবার জন্য উদ্যোগ নেবার চেষ্টা করছে তাদের নীতি পরিবর্তন ক'রে বা নতুন নিয়ম তৈরি ক'রে। এতে অন্যান্য পরিবর্তনের মধ্যে সুবিধাবিধিতে অন্তর্ভুক্ত রয়েছে "spouse" এর জায়গায় "partner" শব্দটি প্রতিস্থাপন করা। উদাহরণস্বরূপ, কিছু কিছু সংস্থা তাদের চিকিৎসা বীমায় এখন সমলিঙ্গের সঙ্গীদের যোগ করেছে যেমন কর্মচারীর পরিবারের অন্যান্য সদস্যদেরা বীমা সুবিধা ভোগ করে। এছাড়াও, LGBTQIA+ কর্মীরা তাদের দত্তক সন্তানের জন্যে ছুটি, তাদের সমলিঙ্গের সঙ্গীর জন্য সহানুভূতিমূলক বা শোকের ছুটি, এবং নানা কাউন্সেলিং পরিষেবার সুবিধা নিতে পারে। যদিও নীতি পরিবর্তনগুলি গুরুত্বপূর্ণ, কিন্তু বড় চ্যালেঞ্জ হল বিদ্যমান কর্মচারী এবং পরিচালকদের মনোভাব পরিবর্তন করা যাতে তারা LGBTQIA+ কর্মীদের আরও স্বাগত জানাতে সহায়তা করে।

পাঠকবন্ধু, শেষকালে আর একটা খুশীর খবর আপনাদের সঙ্গে ভাগ করে না নিলে এই সম্পাদকীয় অসম্পূর্ণ থেকে যাবে। গত ২০২১ এর ২০শে নভেম্বর স্যাফো ফর ইকুথ য়ালিটি জয় করেছে পঞ্চম মারথা ফেরেল বিশেষ জুরি পুরস্কার, বিগত বাইশ বছরের অনর্গল সংগ্রামের স্বীকৃতি। আমরা ঋদ্ধ, আনন্দিত, নতুন উদ্যমে পথ চলার জন্যে প্রস্তুত।

আমার কথাটি এবার সত্যিই ফুরোলো। তবে নটে গাছটি কিন্তু মুড়োলো না। স্বাগতম নতুন সম্পাদক মণ্ডলি। "স্বকণ্ঠে" দীর্ঘজীবী হোক! বিপ্লব দীর্ঘজীবী হোক!

Cyber-Violence: A New Kind of Gender Based Violence against Women

Mahera Imam

Violence against women is constantly changing especially with the emergence of information and communication technologies. New forms of gender-based violence have emerged with the help of technological advancement. This can be identified as cyber violence against women, queer and trans* persons, which is spreading rapidly and posing a significant risk. Mobile usage and internet access has broadened the scope of cyber violence. Now violence takes place anywhere, anytime, with no clue about who the perpetrator is. Cyberspace has become the most common public space today to victimize women. It provides the biggest public platform to harass and intimidate women. It is also the biggest threat because of the wide audience of the cyberworld. As technology journalist Amanda Hess has said "Until domestic violence became a national policy priority, abuse was dismissed as a love, quarrel. Today's harmless jokes and undue burdens are Tomorrow's Civil Rights Agenda".

While there are no formally recognized definitions, but some efforts have been made to define issues of online abuse or cyber violence against women. Research by Association for Progressive Communication defines technology-related violence as encompassing acts of gender based violence that are committed, abetted, or aggravated in part or fully using information and communication technologies such as phones, internet, social media platforms and email. Halder and Jaishankar in their book "Cyber Crime and the Victimization of Women, Laws, Rights and Regulations" define three separate periods in cyber-era depending upon the usage of cyber-communications. First is Email period, starting from 1990s when email was the only form of digital communications. The second is the chat room period, which began in late 1990s and early 2000. After digital communication saw a boom through the email period, came the public and private chat room period, where people could exchange their personal information, see their pictures and chat instantly. The third period starts with cyber-social networking, it began in early 2000. Internet users and numerous social networking sites were born in the US in 2000-2001. This period also saw a boom in social interactions through blogs, adult dating sites, online bulletin boards. Following are some forms of cyber-violence used against women, trans* and queer people.

- Trolling is the deliberate act of making random unsolicited or controversial comments on digital social networks.

- Cyber-stalking is the use of the Internet or other electronic means to stalk or harass an individual.

- Cyber-Harassment is an Inappropriate or offensive advances on social networking websites or internet chat rooms.

- Body shaming is the act of deriding or mocking a person's physical appearance.

- Morphing: Changing an image smoothly into another image using computer animation.

- Cyber defamation refers slander that is expressed online, typically via a publicly accessible website.

- Clone-ID is used to try and send each request from that same user to the same server to harass an individual.

- Hacking refers to activities that seek to compromise digital devices, such as computers, smart-phones, tablets, and even entire networks.

- Revenge porn is the distribution of sexually explicit images or videos of individuals without their consent.

Cyber-violence against women in India is growing very rapidly and has become a human rights concern.The United Nations Human Rights Commission declared the right to internet usage as a human right 2016. The data on cyberviolence against women is scarce, as according to researchers, women who are victims of cyber violence very rarely report.

To understand and tackle the phenomenon of gender-based cyber violence we must acknowledge that whether offline or online, violence against women and girls, queer and trans* persons has become so rampant because information and communication technologies are designed, controlled and used mostly by men, many of whom inculcate patriarchal values. If technology remains controlled and operated by men in big companies, bureaucracies, it will be difficult to challenge gender-based violence in digital media. Violence and discrimination in cyber world often led to psychological instability, trauma and may also lead to physical and financial violence in course of time. Also, it does not happen independent of the offline reality. In many cases, perpetrators of online violence are the same as offline: they are partners, ex-partners, relatives, classmates, or work colleagues. Crimes committed online follow or precede those committed offline. The consequences for the victims of cyber violence are far-reaching and are experienced in all areas of life, including, but not limited to, mental and psychological harm, damage to career development, withdrawal from public debate, and invasion of privacy.

Many traditional community structures still think that women should be kept away from technology because it is not good for them. Gender violence in online medium fuels such patriarchal thoughts. Instead of restraining women to access and use social media, internet, one has to raise voice against cyber violence. To be disconnected from the technology in the 21st century, is like having your freedom disrupted, right to work, meet people, learn, socialize, be curtailed.

By not recognizing cyber-violence as serious violence, we will be putting society and future generations at risk. In a world where young people should not be expected to disengage, this violence is restricting their freedom of movement, right to express and choose. With cases like the 'Bulli Bai App' coming into the picture, it's high time that we take cyber-violence seriously. This makes women more vulnerable to violence and harassment. 'Bulli Bai' and 'Sulli deals' specifically targets Muslim women, once again showing how minority and vulnerable communities are becoming victims of hate and violence not only in the physical world, but very much in the digital world. Gender based violence shows how slowly we are constantly living in an atmosphere of hate and violence that is very much masculine, patriarchal, and majoritarian.

This atmosphere of violence and hate is restricting the freedom of movement, right to express, choose, debate in the online public space, a right one must constantly fight for and claim in today's world.

■ *Mahera Imam is research scholar interested in Gender Technology and Violence, pursuing MPhil in Gender Studies.*

বিশ্ববিদ্যালয়ে লিঙ্গ-যৌনতা বিষয়ক রাজনীতি: ব্যক্তিগত এবং সমষ্টিগত প্রয়াস

উদ্দীপ্ত রায়

আমরা বিগত দুই বছর ধরে এক ভয়াবহ অনিশ্চয়তার মধ্যে দিয়ে জীবন আতিবাহিত করছি। অতিমারীর করাল ছায়া আমাদের সকলের জীবনকে ঘিরে রেখেছে নানাবিধ দুশ্চিন্তা ও নিপীড়নের ভিতরে। তবে আমরা অনেকেই আমাদের জীবন দিয়ে অনুভব করতে পারি যে অনিশ্চয়তা বা নিপীড়ন আমাদের, অর্থাৎ প্রথাবিরোধী লিঙ্গ-যৌনতার মানুষদের ক্ষেত্রে অনেকভাবেই এক (অ)লিখিত সত্য। অতিমারীর আগেও আমরা নানারকম ভাবে সমাজ, পরিবার, পড়াশোনা বা চাকরির পরিসরে বহুভাবে বৈষম্য, প্রতারণা, এবং তিরস্কারের শিকার। অবশ্য, এর মধ্যেও আমরা প্রতিনিয়ত প্রতিকূলতা ও দৈনন্দিন জীবন-শৈলীর মধ্যে দিয়ে শুধুমাত্র ভালো থাকার আদর্শ বাদেও অনেক ভাবেই যাপনযোগ্যতার (liveability) প্রকাশ ঘটাই আমাদের বেঁচে থাকার মধ্যে দিয়ে।[১] কিন্তু এই অতিমারীর প্রেক্ষাপটে আমরা কী করে নিজেদের বেঁচে থাকার মধ্যে দিয়ে এক প্রকার কুইয়ার-ট্রান্স প্রতিরোধের ধারণা তুলে ধরতে পারি? আমার বিশ্ববিদ্যালয়-শিক্ষার্থী হিসেবে ব্যক্তিগত/রাজনৈতিক অভিজ্ঞতার ভিত্তিতে, অতিমারী ও ছাত্ররাজনীতির প্রেক্ষিতে, এই বিষয়ে একটি (অ)সম্পূর্ণ প্রতিচ্ছবি তুলে ধরবার প্রচেষ্টা করছি।

আমাদের, যাদবপুর বিশ্ববিদ্যালয় ঐতিহাসিক ভাবে, এবং বিশেষ করে ২০১০-এর পরবর্তী সময়ে, অনেক ধরনের স্বাধীন এবং বৃহত্তর অর্থে বামপন্থী মনভাবাপন্ন সংগঠন বা কালেকটিভ (collective) নানা সময়ে ক্যাম্পাসের বাইরে বিভিন্ন প্রথাবিরোধী লিঙ্গ-যৌনতাভিত্তিক এবং নারিবাদী রাজনৈতিক কর্মী ও সংগঠনের সঙ্গে বিষয়ভিত্তিক আন্দোলনের স্তরে যুক্ত থেকেছে। কিন্তু এইরকম সংগঠনগুলির মধ্যে কিছুটা শ্রেণী-চেতনা থাকলেও এঁরা অনেক ক্ষেত্রেই লিঙ্গ ধারণার এবং রূপান্তরকামী মানুষদের বিষয়ে অসচেতন। এঁদের ধারণায় জাতিয়তাবাদী আগ্রাসনের বিরোধীতার অর্থ লিবারেল (liberal) মনোলিথিক (monolithic) রাষ্ট্রের পরিসরে সীমাবদ্ধ থাকে। এবং এঁরা অনেক ক্ষেত্রেই যৌনকর্ম-ভিত্তিক অধিকার আন্দোলনের প্রতি প্রকাশ্য সংহতি জানান না বা যৌনকর্মকে শুধুমাত্রই বাজার-চালিত (market-driven) ভোগ্যপণ্য হিসাবে অংকিত করেন। ফলে এই সব স্বাধীন বামপন্থী সংগঠন বা কালেকটিভ (collective)-গুলির সাথে ভিন্ন লিঙ্গ-যৌনতা ভিত্তিক আন্দোলনের মধ্যে দ্বিমত তৈরি হয়।২ আমি যখন ক্যাম্পাসে (campus-এ) প্রবেশ করি প্রথম বছরের ছাত্র হিসেবে (২০১৭ সালে), তখন বিশ্ববিদ্যালয়ে এই সকল স্বাধীন বামপন্থী সংগঠনগুলির বেশিরভাগই প্রায় নিষ্ক্রিয় ছিল। বিশ্ববিদ্যালয়ের কলা বিভাগে সক্রিয় বামপন্থী সংগঠনগুলি কিছু কিছু ক্ষেত্রে বিকল্প লিঙ্গ-যৌনতা নিয়ে খুবই স্বল্প (অনেক সময়ই অসামঞ্জস্যপূর্ণ) বক্তব্য রাখত। বিশ্ববিদ্যালয়ে আমার ছাত্র হিসেবে যোগদানের পর লক্ষ্য করেছি বেশ কিছু শিক্ষার্থীর মধ্যে স্যাফো ফর ইকুয়ালিটি (Sappho For Equality) সমেত কয়েকটি ভিন্ন লিঙ্গ-যৌনতা ভিত্তিক সংগঠনের প্রভাব; এটা অবশ্যই স্যাফো বা অন্য সংগঠনগুলির বহুকালের রাজনৈতিক লড়াইয়ের ফল।

আমরা অনেকেই সময়ের সাথে সাথে অনুভব করতে শুরু করি যে ক্যাম্পাসে লিঙ্গ-যৌনতা ভিত্তিক রাজনীতি নিয়ে আলোচনার বৃত্তের বৃদ্ধি বিশেষ রূপে প্রয়োজন। আমাদের অনেকের যৌথ উদ্যোগ ও পরিকল্পনায় গড়ে তোলা হয় যাদবপুর বিশ্ববিদ্যালয় কুইয়ার কালেকটিভ (Jadavpur University Queer Collective - JUQC)। JUQC-র শুরু থেকেই নানারকম রাজনৈতিক প্রশ্নের মধ্যে দিয়ে কিছুটা কথপোকথনের যায়গা দেখা দেয়। সময়টা ২০১৮।

রাজনৈতিক ভিত্তির ওপর দাঁড়িয়ে আমরা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি বোঝার চেষ্টা করি। আমরা ক্রমেই বুঝতে পারি যে বহু কারণে প্রথাবিরোধী লিঙ্গ-যৌনতা সম্পর্কে কোনো রকম বাকবিনিময়ের পরিমন্ডল কলা বিভাগের বাইরে, অর্থাৎ ইঞ্জিনিয়ারিং বা সায়েন্স বিভাগে সীমিত বা প্রায় নেই বলা চলে। কলা বিভাগেও আর্থ-সামাজিকভাবে এগিয়ে থাকা শহুরে শিক্ষার্থীদের মধ্যে কুইয়ার বিষয়ক যা ধারণা তা অনেকটাই পশ্চিমী LGBTQ চর্চার আদলে। অথচ যাদবপুরে অনেক দূর থেকে আসা, শ্রেণী/জাতিগত রূপে বৈষম্যের সম্মুখীন হওয়া কোতি, রূপান্তরকামী মানুষেরা যে একেবারেই পড়ে না তা নয়, কিন্তু এদের গল্পগুলো কোথাও হারিয়ে যায়। এই সব কিছু মাথায় রেখে JUQC ক্যাম্পাসে লিঙ্গ-যৌনতার রাজনীতি বিষয়ে নানাবিধ উদ্যোগ নিতে উদ্যত হয়। উল্লেখযোগ্য ভাবে ২০১৮ তে যখন ভারতের সুপ্রিম কোর্ট ধারা ৩৭৭-এর কিছু অংশ নাকচ করার পক্ষে রায় দিল, JUQC সেই সময় ক্যাম্পাসে মিছিলের ডাক দিল। মিছিলে শিক্ষার্থীদের উপস্থিতি ছিল স্বতঃস্ফূর্ত, প্রাণবন্ত। প্রায় এক-দেড় বছরে নানা কারণেই JUQC-কে সক্রিয়ভাবে পরিচালনা করা সম্ভব হয়নি। তার মধ্যে একটি গুরুত্বপূর্ণ কারণ যে বেশিরভাগ সদস্যই আস্তে আস্তে ডিগ্রি পাস করে ক্যাম্পাস থেকে দূরে সরে যেতে থাকে, সেই ভাবে প্রথম বা দ্বিতীয় বছরের শিক্ষার্থীদের সাথে কোনো যোগাযোগ স্থাপন করতে আমরা অক্ষম হই।

এর মাঝে অনেকটা রাজনৈতিক স্থান শূন্য থেকে যায়। অতিমারীর সময় যখন আমরা কয়েকজন, যারা কলকাতাতেই থাকি, মাঝে মধ্যে ক্যাম্পাসে যেতাম অল্প-স্বল্প, আমাদের মধ্যে বিশেষ ভাবে আলোচনা হত বিশ্ববিদ্যালয়ের রাজনীতি এবং কুইয়ার মানুষদের উপস্থিতি নিয়ে। বিশেষত দুই-একজন এর প্রাথমিক প্রয়াসে আমরা একটি প্রোগ্রাম আয়োজন করার কথা ভাবি - যার মধ্যে দিয়ে আমরা ক্যাম্পাসের বামপন্থী অনুশীলনের সাথে লিঙ্গ-যৌনতার চেতনার সমন্বয়ের সম্ভাবনাকে বাস্তবায়িত করার দিকে এগিয়ে যেতে পারি। এর প্রসঙ্গ ছিল মূলত অতিমারীর জড়তা কাটিয়ে ক্যাম্পাসে কুইয়ার-ট্রান্স-নারিবাদী কণ্ঠ তুলে ধরা ও বিগত বেশ কিছু সময় ধরে ক্যাম্পাসে বামপন্থী ধারার রাজনীতি যে কুইয়ার-ট্রান্স বিষয়ে অসংলগ্ন মন্তব্য করে চলেছে তা নিয়ে প্রশ্ন তোলা। আরো কিছু সমভাবাপন্ন কুইয়ার-ট্রান্স-ফেমিনিস্ট (এদের মধ্যে অনেকেই JUQC-র সদস্য নন) মানুষদের নিয়ে গ্রুপ বানানো হয়- Queer/Trans/Feminist Fabulation(s):

Queer Collectives and Lockdown Campus

Gourab

Unplanned and prolonged lockdowns have impacted our lives and as well as the university campuses. For the past two years, student unions and organisations have continuously been asking the university administrations and the union government to come up with a solid plan of action to reopen campuses. Besides the digital divide and lack of access to basic education infrastructure, what has drawn our attention is the non-functioning or shutting down of many societies, clubs and collectives that had been working for marginalized groups on campuses.

I was a left-queer activist for several years on the Jawaharlal Nehru University (JNU) campus, which has fought many battles to shape a few queer collectives over the years. Campus queer collectives ensure safe spaces on campus. However, there is always an effort to invisibilize such collectives. Such collectives also get diluted over time because of the lack of organised support from the university fraternity. Anjuman was JNU's first queer collective which left its mark on the collective cultural memory of JNU, but died out by 2005 because of no support.

The second queer collective that we founded at JNU was Dhanak. It was created to bring people together, to understand the issues related to gender, sexuality, caste and class. In JNU, during my active years as a left-queer activist, I always worked towards creating a safe space not only for queer students but also for teaching and non-teaching staff and on-campus residential people. I received huge support from both the teaching and non-teaching staff as well as from the local shopkeepers. One such moment was "Rainbow Walk: Queering the Campus", when we decided to paint the JNU campus in colours to give a strong message to right-wing hooliganism on campus. Our creative protest and resistance received mammoth support from all sections of the campus. We tried to make Dhanak the official queer collective of JNU, but we found ourselves splintering due to ideological issues, sometimes due to lack of support, and mostly, due to apathy from the university to acknowledge a campus queer collective and its members. From the remains of Dhanak, Hasratein was born with a batch of fresh people and with new enthusiasm. Thus, JNU received its third queer collective. We reclaimed our own space on campus, again.

Thinking about these histories now, I wonder what has happened to our queer friends during the lockdowns across the country over the last two years. The university campus has been an alternative home to many of us who cannot go back to 'family'. Our teachers, shop-bhaiyas, friends- they slowly become our family and we call the campus our home. With the lockdowns, our home is shut, our family is broken and we are also deprived of basic facilities to access education. How do we survive? Are we in touch with our queer folx? Are we building a network through which we can supply medicines, books, money, food, shelter to our queer folx? There are many questions and many uncertainties.

The Union government has been blind to the queer community during successive lockdowns. No systematic relief plan was announced for queer people. The university administrations have been silent on this issue as they often remain silent on the issues of gender and sexual harassment. We cannot ignore the fact that there has been an increase in domestic violence and I wonder what violence and discriminations our queer folx might be facing at home. Is there any documentation of it?

Campus Queer collectives also ensure safe and continuous support to queer folx around the campus

Rejuvenating queer-trans-feminist representations in campus. খুবই অল্প সময়ের মধ্যে এই অনুষ্ঠানটি বেশ কিছুটা সাড়া পায়। বিশ্ববিদ্যালয়ের ভেতর ও বাইরের লিঙ্গ-যৌনতা ভিত্তিক আন্দোলনের নিষ্ঠাবান কর্মী ও অধ্যাপকদের ভাষায় উঠে আসে বিশ্ববিদ্যালয় এবং ছাত্র-রাজনীতির প্রেক্ষিতে লিঙ্গ-যৌনতা ভিত্তিক আন্দোলন ও অনুশীলনের গতি-প্রকৃতির কথা। অনুষ্ঠানটি অতিমারীর মাঝখানে যেমন কুইয়ার-ট্রান্স মানুষদের দেখা করার, আলাপচারিতার মাধ্যম হয়ে ওঠে, তেমনি এটাও প্রকাশ পায় যে বিশ্ববিদ্যালয় চত্তরে প্রচুর লড়াই এখনো বাকি আছে। একজন ট্রান্স রাজনৈতিক কর্মী আমাদের জানান কীভাবে কিছু ছাত্র তাঁদের প্রতি ভয়ংকর অসংবেদনশীল মন্তব্য করে।

অতিমারীর পরিস্থিতিতে আমাদের দৈনন্দিনতার মধ্যে চিকিৎসাভিত্তিক-সামাজিক আদর্শ (medico-social norms) ঢুকে পড়েছে, যার অঙ্গুলিহেলনে আমরা সামাজিক দূরত্ব বজায় রেখে এবং গৃহবন্দী হয়ে জীবন কাটিয়েছি/কাটাচ্ছি। অন্যদিকে প্রথাবিরোধী লিঙ্গ-যৌনতার মানুষের লড়াই চিরদিনই ছিল নানা বৈষম্যের বিরুদ্ধে। আজকের পরিস্থিতিতে তাই আরো প্রয়োজন ভিন্ন লিঙ্গ-যৌনতার শিক্ষার্থীদের জীবনচর্যায় প্রতিফলিত যাপনযোগ্যতাকে এক জায়গায় সংহত করা; আমরা যতটা ঐক্যবদ্ধ হয়ে রাজনৈতিকভাবে সোচ্চার হবার মধ্যে দিয়ে সেই বেঁচে থাকাকে উদযাপিত করতে পারব, ততই সেখান থেকেই বহুত্বে সমৃদ্ধ প্রতিরোধের সুযোগ গড়ে উঠতে পারে। অবশ্য, এই সংহতিকরণ বা প্রতিরোধ একমুখী কিম্বা একমাত্রিক নয়, বিশেষত বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরে রাজনৈতিক অনুশীলনে এই ধরনের প্রচেষ্টা সবসময়ই অনিশিচত, ব্যাপ্ত, বহুমুখী, এবং দ্বন্দ্বে পরিপূর্ণ; যাদবপুরের প্রয়াস যার অপ্রতিম দৃষ্টান্ত।

তথ্যসূত্র:

১. McGlynn, N., Browne, K., Banerjea, N., Biswas, R., Banerjee, R., Sumita, & Bakshi, L. (2020). More than happiness: Aliveness and struggle in lesbian, gay, bisexual, trans and queer lives. *Sexualities*, 23(7), 11131134. https://doi.org/10.1177/1363460719888436

২. Dutta, A. (2019). Dissenting Differently : Solidarities and Tensions between Student Organizing and Trans-Kothi-Hijra Activism in Eastern India. South Asia Multidisciplinary Academic Journal [Online], 20, 1-20. https://doi.org/10.4000/samaj.5210

■ *উদ্দীপ্ত (he/they) বর্তমানে Tata Institute of Social Sciences- এর শিক্ষার্থী।*

neighbourhood through conversations on safe sex, sexual harassment and rights. With the prolonged lockdown and erratic scholarship funds, many queer folx had to leave their rented places around JNU for example, and were forced to leave for their natal family homes. Are we in a position to offer them mental support and find out about their well-being as well? The answer is no, perhaps. With the right-wing government at the centre, we are not only helpless but also in a whirlpool of chaos and uncertainties.

It is high time for campuses like JNU to reopen and for queer folx to gather and take collective action. We cannot afford to lose time and what we should do first is to pressurise the administration to recognise campus queer collectives and ensure that all these issues are addressed by the stakeholders. If this situation continues for long, we may see many queer students as drop-outs or choosing a different path for survival. Universities are created to build our future and not to break it. It is also our collective responsibility to ensure that we mobilize ourselves and start working towards strengthening our queer collectives to ensure a safe and better campus for all.

■ *Gourab is an educator, and a left-queer activist in JNU. He is working on his doctoral thesis at the School of Arts & Aesthetics.*

সমন্বয়

রৌনক

যখন আমরা ঘনিষ্ঠতা, প্রেম বা যৌনতা সম্পর্কে কথোপকথন শুরু করি: তখন আমরা বেশির ভাগ সময়েই 'পেনিট্রেটিভ সেক্স'কে একটি উচ্চস্তরে রাখার প্রবণতা নিয়ে চলি কারণ বিষমকামী প্রবেশমূলক যৌনতা প্রজননের সাথে যুক্ত। কিন্তু সামাজিক শিক্ষার ফলস্বরূপ সমকামী, উভকামী বা কুইয়ার পুরুষদের মধ্যেও পিতৃতান্ত্রিক প্রবণতা অনেক বেশি প্রাধান্য পাবার ফলে, আমরা প্রায়ই এই hierarchy-কে স্বীকৃতি দেওয়ার প্রচেষ্ঠা চালিয়ে যাই। আমাদের অবচেতনে ব্রাহ্মণ্যবাদী পুরুষতান্ত্রিকতা আমাদের নানাভাগে বিভক্ত হয়ে থাকতে বাধ্য করে, যার জন্য পায়ুসঙ্গম ব্যাতীত অন্যান্য শারীরিক ঘনিষ্ঠতা শুধুমাত্র foreplay হয়েই থাকে, 'রিয়েল সেক্স' নয়। এখানে আরেক ধরনের স্বাভাবিকীকরণও রয়েছে, যেখানে লিঙ্গভূমিকা এবং পুরুষতন্ত্রের সমন্বয়ে সমকামী পুরুষদের যৌন আচরণকে Top–Bottom–Versatile এই ভাবে ভাগ করা হয়ে থাকে। সমকামী পুরুষ সম্প্রদায়ের মধ্যে, সাধারণত, আপনাকে হয় 'টপ'বা পেনিট্রেটর, 'বটম'বা পেনিট্রেটেড, বা ভারসেটাইল (যে কোনও রোল প্লে-তে সক্ষম) হতে হবে, এছাড়া অন্য কোনও বিকল্প প্রায় ভাবা যায় না। আপনি যদি 'টপ' হন তবে আপনাকে পুরুষালি হিসাবে দেখা হবে এবং আপনি যদি 'বটম' হন তবে আপনাকে মেয়েলি হিসাবে দেখা হবে।

এভাবেই সমকামী পুরুষরা নিজেদের মধ্যে এইধরনের লিঙ্গভূমিকাকে আত্মস্থ করে Heterosexist সমাজের সম্প্রসারণ হয়ে উঠছে। খুব সাধারণ আলোচনায়, এটাও শোনা গেছে যে সমকামী পুরুষরা কেবল মুখ দেখে কাউকে 'টপ' বা 'বটম' বলে বিচার করে। কিছু গবেষণায় দেখা গেছে যে একজন ব্যক্তি 'টপ' বা 'বটম' কিনা তা নিয়ে করা সিদ্ধান্ত গুলি নির্ভর করে সেই মানুষটির আচরণ অন্যদের কাছে মেয়েলি নাকি পুরুষালি বলে অনুভূ ত হচ্ছে, তার ওপরে। এইসব অনুভূ তি নির্ভর অনুমানের পাশাপাশি রয়েছে 'সাইড', যারা কোনরকম পেনিট্রেটিভ সেক্স পছন্দ করে না, তারা লজ্জা এবং বিচ্ছিন্ন হয়ে যাওয়ার ভয়ানক অনুভূ তিতে ভুগতে থাকে। ডেটিংকে যেভাবে সামাজিকীকরণ করা হয়েছে সেই পরিপ্রেক্ষিতে 'সাইড'-রা প্রায়শই অস্তিত্বহীন হয়ে যায় এবং এইভাবে তাদের সূক্ষ্মভাবে বহিষ্কৃত করা হয়।

